# আদাবরে চাপাতিসহ ছিনতাইকারী চক্রের ৬ সদস্য গ্রেপ্তার




ছবি: লেন্স এশিয়া

রাজধানীর আদাবরে পৃথক দুটি স্থানে অভিযান চালিয়ে ছিনতাইকারী চক্রের ছয় সদস্যকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে চারটি চাপাতি উদ্ধার করা হয়েছে। গ্রেপ্তারদের মধ্যে একজনের বিরুদ্ধে সাতটি মামলা রয়েছে। আরেকজনের বিরুদ্ধে ১০টি মামলায় নাম থাকার পাশাপাশি দুটি গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) আদাবর থানা পুলিশ জানায়, শেখেরটেকের ৭ নম্বর রোডের মাথায় ব্রিজসংলগ্ন প্রেম গলিতে শামসুল মিয়ার রিকশার গ্যারেজ এবং সুনিবিড় হাউজিংয়ের আকন্দ গার্মেন্টস গলির পেছনে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

শামসুল মিয়ার রিকশার গ্যারেজে অভিযানে গ্রেপ্তার হন মিরাজুল ইসলাম (২৫), মো. নিহাদ (২০), মো. শেখ বাচ্চু (৩৫), মো. ফরিদুল ইসলাম (১৯) ও মো. তামিম (১৯)। তাদের কাছ থেকে তিনটি চাপাতি উদ্ধার করা হয়েছে। পুলিশের তথ্য অনুযায়ী, মিরাজুল ইসলামের বিরুদ্ধে সাতটি মামলা রয়েছে।

অন্যদিকে সুনিবিড় হাউজিংয়ের আকন্দ গার্মেন্টস গলির পেছনে অভিযান চালিয়ে হৃদয় ওরফে 'টিকটক হৃদয়' (২৫) নামে একজনকে গ্রেপ্তার করা হয়। তার কাছ থেকে একটি চাপাতি উদ্ধার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, হৃদয়ের বিরুদ্ধে ১০টি মামলার এজাহারে নাম রয়েছে এবং তার বিরুদ্ধে দুটি গ্রেপ্তারি পরোয়ানাও রয়েছে।

পুলিশ জানায়, গ্রেপ্তার ব্যক্তিরা আদাবরের শেখেরটেক, বাইতুল আমান হাউজিং ও বেড়িবাঁধ এলাকায় চাপাতির ভয় দেখিয়ে সাধারণ মানুষের টাকা ও মোবাইল ফোন ছিনতাই করতেন। এ ছাড়া বিভিন্ন বাসাবাড়ি থেকে এসির পাইপ ও বৈদ্যুতিক তার চুরি এবং রিকশার গ্যারেজ থেকে রিকশা চুরি করে মুক্তিপণ আদায়ের সঙ্গেও তাদের সম্পৃক্ততার অভিযোগ রয়েছে।

আদাবর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. জাহিদুল ইসলাম ও এসআই তরুণের নেতৃত্বে পৃথক দুটি অভিযান পরিচালনা করা হয় বলে জানিয়েছে পুলিশ।